# 112041 - অনারবী ভাষায় খাতেবা দওেয়া

প্রশ্ন

জুমার নামাযরে ক্ষত্রেে কী করা আবশ্যকীয় দয়া করে আপনারা কি এ ব্যাপারে বস্তিারতি জানাতে পারনে? আমরা নজিদেরে ভাষায় বক্তৃতা শুনি। এরপর আযান দওেয়া হয়। এরপর আমরা চার রাকাত সুন্নত পড়ি। এরপর ইমাম আরবী ভাষায় খাতেবা দনে। আমরা যা করি সটো কি সহহি?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

এক:

ফকিাহবদি আলমেগণ এ ব্যাপারে একমত য,ে খাতেবা আরবীতে হওয়াই উত্তম। তবে আরবীতে হওয়া শর্ত কনিা এ ব্যাপারে তারা তনিটি মতে মতভদে করছেনে।

প্রথম অভমিত: যে ব্যক্তি আরবীতে খাতেবা পশে করতে সক্ষম তার জন্য আরবীতে খাতেবা দওেয়া শর্ত। এমনকি শ্রাতোরা যদি আরবী ভাষা না জাননে তবুও।

এটি মালকেী মাযহাব ও হাম্বলী মাযহাবরে মশহুর অভমিত।

[দখেুন: "আল-ফাওয়াকহিুদ দানী" (১/৩০৬), "কাশ্শাফুল ক্বনিা" (২/৩৪)।

দ্বতিীয় অভমিত: আরবীতে খাতেবা দতিে সক্ষম ব্যক্তরি জন্য আরবীতে খাতেবা দওেয়া শর্ত; তবে শ্রাতোদরে সকলে যদি আরবী ভাষা না জাননে তাহলে তনিি তাদরে ভাষায় খাতেবা দবিনে।

শাফয়েী মাযহাবরে আলমেদরে নকিট এটাই সঠকি অভমিত। কছিু কছিু হাম্বলী আলমেও এ অভমিত ব্যক্ত করছেনে।

[দখেুন: ইমাম নববীর "আল-মাজমু" (৪/৫২২)]

তৃতীয় অভমিত: খাতেবা আরবীতে হওয়া মুস্তাহাব; শর্ত নয়। খতীব আরবীর পরবির্তে তার নজিরে ভাষায় খাতেবা দতিে পারনে।

এটি ইমাম আবু হানফিা ও কছিু কছিু শাফয়েী আলমেরে অভমিত।

[দেখুন: "রাদ্দুর মুহতার" (১/৫৪৩), "আল-মাওসুআ আল-ফকিহয়্যিা" (১৯/১৮০)]

এই তৃতীয় অভমিতটইি সঠকি। সমকালীন বশে কছিু আলমে এ অভমিতটকিে মনোনয়ন করছেনে। যহেতেু খাতেবা আরবীতে হওয়া আবশ্যককারী সুষ্পষ্ট কোন দললি উদ্ধৃত হয়নি। আর যহেতেু খাতেবার উদ্দশ্যে হচ্ছে— উপদশে দওেয়া, শক্ষিা ও উপকার হাছলি হওয়া। উপস্থতি লোকদরে ভাষায় না হলে তা সটো অর্জতি হবে না।

রাবতো আলমে ইসলামীর অধভিুক্ত "ফকিাহ একাডমেী"-র সদ্ধিান্তে যা এসছেে সটো নম্নিরূপ: "সর্বাধকি ভারসাম্যপূর্ণ অভমিত হচ্ছে— যে সকল দশেরে মানুষ আরবীতে কথা বলে না সসেব দশেে জুমার খাতেবা ও দুই ঈদরে খাতেবা সহহি হওয়ার জন্য আরবী ভাষায় হওয়া শর্ত নয়। তবে, ভাল হয় খাতেবার ভূমকিা ও খাতেবাতে অন্তর্ভুক্ত আয়াতসমূহ আরবীতে পশে করা; যাতে করে অনারবদরেকে আরবী ভাষা শুনতে ও কুরআন শুনতে অভ্যস্ত করা যায়। এটি আরবী শখো এবং যে ভাষায় কুরআন নাযলি হয়ছেে সে ভাষায় কুরআন পড়াকে সহজ করবে। এরপর খতীব তারা (শ্রোতারা) যে ভাষা বুঝে সে ভাষায় তাদরেকে উপদশে দবিনে।"[সমাপ্ত][কারারাতুল মাজমায়লি ফকিহি (পৃষ্ঠা-৯৯) (পঞ্চম অধবিশেন, পঞ্চম সদ্ধিান্ত)]

ফতোয়া বষিয়ক স্থায়ী কমটিরি আলমেগণ বলনে:

"নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থকেে এমন কোন হাদসি সাব্যস্ত হয়নি যা প্রমাণ করে যে, জুমার খাতেবা আরবীতে হওয়া শর্ত। বরঞ্চ তনিি জুমার খাতেবা ও অন্যান্য খাতেবা আরবী ভাষায় দতিনে যহেতেু তাঁর নজিরে ভাষা আরবী এবং তাঁর সমাজরে লোকদরে ভাষাও আরবী ছলি। তাই তারা যে ভাষা বুঝে তনিি সে ভাষায় তাদরে মাঝে খাতেবা দতিনে, দকিনর্দিশেনা প্রদান করতনে ও তাদরেকে স্মরণ করয়িে দতিনে। কন্তিু তনিি রাজাবাদশাদরে কাছওে আরবী ভাষায় চঠিপিত্র পাঠয়িছেনে। তনিি জানতনে যে, তাদরে ভাষা আরবী নয়। তনিি এটাও জানতনে যে, তারা তাদরে ভাষায় অনুবাদ করয়িে চঠিরি মর্ম বুঝে নবিে।

এর আলোকে যে সকল দশেরে অধবিাসীরা আরবী জানে না কংিবা বশেীর ভাগ মানুষ আরবী জানে না সখোনকার জুমার খতীবরে জন্য আরবীতে খাতেবা (ভাষণ) দওেয়া জায়যে। এরপর সে খাতেবা স্থানীয় ভাষায় অনুবাদ পশে করবনে; যাতে করে লোকরো কী উপদশে ও নসীহত করা হল সটো বুঝতে পারে এবং উপকৃত হতে পারে।

খতীবরে জন্য জুমার খাতেবা স্থানীয় অনারবী ভাষায় পশে করাও বধৈ। এভাবে খাতেবা দলিে দকিনর্দিশেনা প্রদান, শক্ষিাদান, উপদশে প্রদান ও নসীহত করা সম্পন্ন হয়, খাতেবার উদ্দশ্যে বাস্তবায়তি হয়।

তবে আরবীতে খাতেবা দয়িে সটো শ্রোতাদরে ভাষায় অনুবাদ করাটা উত্তম। এতে করে খাতেবা প্রদান ও চঠিপিত্র প্রদানরে ক্ষত্রেে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে আদর্শ অটুট রাখা এবং খাতেবার উদ্দশ্যে বাস্তবায়ন করা উভয়টার মাঝে সমন্বয় সাধতি হয়। তাছাড়া এ সংক্রান্ত আলমেদরে মতভদেরে ঊর্ধ্বে থাকা যায়।"[সমাপ্ত][ফাতাওয়াল লাজনাদ দায়মিা

(৮/২৫৩)]

শাইখ বনি বায (রহঃ) বলনে:

"খুব সম্ভব অধকি নকিটবর্তী অভমিত হচ্ছে (সঠকি ইলম আল্লাহ্‌র কাছে) এ মাসয়ালায় অবস্থাভদেে ভন্নি ভন্নি অভমিত দওেয়া। বলা হবে: যদ‍ি মসজদিরে অধকিাংশ উপস্থতি‍ি অনারব হয়; যারা আরবী বুঝে না; তাহলে অনারবী ভাষায় খোতবা দতিে কোন আপত্ত‍ি নইে। কংিবা আরবী ভাষায় খোতবা দয়িে পরে এর অনুবাদ পশে করা।

আর যদ‍ি অধকিাংশ উপস্থতি‍ি আরবী ভাষা বুঝনে এবং মোটোমুট‍ি ভাবটুকু তারা আয়ত্ব করতে পারনে তাহলে উত্তম হচ্ছে আরবী ভাষায় খোতবা দওেয়া এবং নবী সাল্লাল্লাহু আলাইহ‍ি ওয়া সাল্লামরে আদর্শরে বরখলোফ না করা। বশিষেতঃ সালাফগণ এমন সব মসজদিে খোতবা দতিনে যখোনে অনারবরা থাকত। কন্তিু এমন কোন উদ্‌ধৃত‍ি নাই যে, তারা খোতবা অনুবাদ করতনে। কনেনা তখন আধপিত্য ছলি ইসলামরে এবং নতেৃত্ব ছলি আরবী ভাষার।

আর অন্য ভাষায় খোতবা দওেয়া জায়যে হওয়ার পক্ষে শরয়িতে একট‍ি দললি রয়ছে।ে তা হল আল্লাহ্‌র বাণী: "আম‍ি প্রত্যকে রাসূলকে তার স্বজাতরি ভাষা নয়িে (ভাষাভাষী করে) পাঠয়িছে,ি যাতে সে তাদরে কাছে (আল্লাহ্‌র বার্তা) বুঝয়িে বলতে পার।ে"[সূরা ইব্‌রাহমি, আয়াত: ৪]

এ মর্মে আরকেট‍ি দললি হল সাহাবায়ে করোম যখন পারস্য, রোমে ইত্যাদ‍ি অনারব দশেে অভযিান পরচিালনা করছেনে তখন তারা অনুবাদকদরে মাধ্যমে তাদরেকে ইসলামরে দাওয়াত দয়োর আগে তাদরে বরিুদ্ধে লড়াই করনেন।ি"[মাজমুউ ফাতওয়া বনি বায (১২/৩৭২)]

শাইখ উছাইমীন (রহঃ) বলনে:

"এ মাসয়ালায় সঠকি অভমিত হচ্ছে উপস্থতি মুসল্লগিণ যে ভাষা ছাড়া অন্য ভাষা বুঝে না খতীবরে জন্য সে ভাষাতে খোতবা দওেয়া জায়যে। যদ‍ি উপস্থতি লোকেজন আরব না হয় এবং আরবী ভাষা না জানে তাহলে খতীব তাদরে ভাষাতে খোতবা দবিনে। কনেনা এটাই হচ্ছে তাদরেকে বুঝানোর মাধ্যম। খোতবার উদ্দশ্যে হচ্ছে বান্দাদরে কাছে আল্লাহ্‌র সীমারখোগুলোর ববিরণ দওেয়া, তাদরেকে উপদশে দওেয়া, দকিনর্দিশেনা দওেয়া। তবে কুরআনরে আয়াতগুলো আরবীতে বলা আবশ্যকীয়। এরপর উপস্থতি লোকদরে ভাষায় তাফসীর করা। খোতবা স্থানীয় ভাষায় হওয়ার দললি হচ্ছে আল্লাহ্‌র বাণী: "আম‍ি প্রত্যকে রাসূলকে তার স্বজাতরি ভাষা নয়িে (ভাষাভাষী করে) পাঠয়িছে,ি যাতে সে তাদরে কাছে (আল্লাহ্‌র বার্তা) বুঝয়িে বলতে বোঝোতে পার।ে"[সূরা ইব্‌রাহমি, আয়াত: ৪]

আল্লাহ্‌ তাআলা স্পষ্ট করে দয়িছেনে যে, ববিরণ হতে হবে সম্বোধতিরা যে ভাষা বুঝে সে ভাষায়। এর আলোকে খতীব অনারবী ভাষায় খোতবা দতিে পারনে। তবে যখন কোন আয়াত তলোওয়াত করবনে তখন অবশ্যই আরবী ভাষায় করবনে; যে

ভাষায় কুরআন নাযিল হয়েছে। এরপর উপস্থিত লোকেদের ভাষায় তাফসীর করবেন।"[সমাপ্ত][ফাতাওয়া নুরুন আলাদ দারব (ফাতাওয়াস সালাত/সালাতুল জুমুআ)]

দেখুন: 984 নং প্রশ্নোত্তর।

দুই:

জুমার নামাযের কাঠামোই পরিবর্তন হয়ে যাওয়া উচিত নয়; যেমনটি প্রশ্নে উল্লেখ করা হয়েছে; তথা দুটো খোতবা প্রদান করা। একটি খোতবা স্থানীয় ভাষায় আযানের আগে। আরেকটি খোতবা আরবী ভাষায় আযানের পরে। বরং উচিত হচ্ছে হয়তো স্থানীয় ভাষায় খোতবা দিবেন। কিংবা আরবী ভাষায় খোতবা দিবেন এবং সাথে সাথে খতীব মিম্বর থেকেই অনুবাদ করে দিবেন।

যারা আরবী ভাষা জানেন না তাদের সৌজন্যে মসজিদে হারামের জুমার খোতবা বিভিন্ন বিদেশী ভাষায় অনুবাদ করা সম্পর্কে শাইখ মুহাম্মদ বিন ইব্রাহিম (রহঃ) কে জিজ্ঞেস করা হলে জবাবে তিনি বলেন: "উল্লেখিত বিষয়ে আমরা একমত পোষণ করি না। জুমার নামাযের আগে বা পরে খোতবা দেওয়া যায় না। যদি উদ্দেশ্য হয় যারা আরবী ভাষা বুঝে না তাদের কাছে খোতবার মর্ম পোঁছানো তাহলে জুমার নামায ব্যতীত অন্য কোন সময় রেডিওর প্রোগ্রামের অংশ হিসেবে খোতবা অনুবাদ করা যেতে পারে।"[সমাপ্ত][মাজমুউ ফাতাওয়াস শাইখ মুহাম্মদ বিন ইব্রাহিম (৩/২০)]

আমরা সকল মুসলিমকে আরবী ভাষা শেখার প্রতি উদ্বুদ্ধ করছি। যেহেতু এটি কুরআনের ভাষা। এর মাধ্যমে শরয়িতকে বুঝা যাবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদিসের মর্ম অনুধাবন করা যাবে।

শাইখ রশিদ রেযা (রহঃ) বলেন:

"আমরা একাধিকবার ব্যাখ্যা করেছি যে, আরবী ভাষা জানা প্রত্যেক মুসলিমের উপর ওয়াজিব। কেননা দ্বীন বুঝা, দ্বীনের অনুশাসনগুলো বাস্তবায়ন করা, দ্বীনের ফরযগুলো আদায় করা— এ সবই আরবী ভাষা বুঝার ওপর নির্ভরশীল। এ ভাষা ব্যতীত এগুলোর পালন শুদ্ধ হয় না। জুমার খোতবা আরবীতে হওয়া তাগিদপূর্ণ হওয়ার দিক থেকে ও সাব্যস্ত হওয়ার দিক থেকে অপেক্ষাকৃত নিম্নপর্যায়ের। যদিও জুমার খোতবা সবচেয়ে বড় শিক্ষামূলক অনুষ্ঠান।

ইসলামের প্রথম যুগে যে সকল অনারব ইসলামে প্রবেশ করত তারা অবিলম্বে আরবী ভাষা শিখত; যাতে করে তারা কুরআন-সুন্নাহ বুঝতে পারে। ভাষাগত বন্ধন ব্যতীত উম্মাহর ঐক্য সাধিত হবে না। সাহাবায়ে কেরাম যে দেশগুলো বিজয় করতেন তারা সেখানে মানুষের উদ্দেশ্যে আরবী ভাষায় খোতবা দিতেন।

যে দেশগুলোতে সাহাবায়ে কেরাম প্রবেশ করতেন কিছুদিন যেতে না যেতেই ইসলামের প্রভাবে অল্প সময়ের মধ্যে সে দেশের ভাষা সাহাবায়ে কেরামের ভাষায় পরিবর্তিত হত; দুনিয়াবী কোন উদ্বুদ্ধকরণ ব্যতীত কিংবা বাধ্যবাধকতার শক্তি আরোপ

ব্যতীত। যদি সাহাবায়ে কেরামের দৃষ্টিভঙ্গি এমন হত যে, অনারবদের মধ্যে যারা সাহাবীদের ধর্ম গ্রহণ করে তাদের ভাষার অনুমোদন করা তাহলে সাহাবায়ে কেরাম দেরী না করে ঐসব ভাষা শিখতেন এবং ঐ সব ভাষায় ইসলামের ফরয আমল ও ইবাদতসমূহ পালন করতেন। এভাবে রোমানভাষী রোমানভাষী থেকে যেত। ফার্সিভাষী ফার্সিভাষী থেকে যেত। এমনটাই চলতে থাকত।

আজ আমরা মুসলিম উম্মহর মাঝে ভাষাগত যে ব্যবধান দেখতে পাই সেটা অপ-রাজনীতির সবচেয়ে বড় কুফল। ওসমানী ও ইরান সাম্রাজ্যদ্বয় যদি সর্বস্তরে আরবী ভাষার ব্যবহারকে নিশ্চিত করার চেষ্টা না করে তবে এমন একদিন আসবে যেদিন তারা এর জন্য অনুতপ্ত হবে। ভারতে যে সংস্কার চলছে কিংবা অন্য কোন মুসলিম দেশে যে সংস্কার চলছে আমরা সেটাকে গণনায় ধরি না; যদি না আরবী ভাষা শেখাকে প্রাথমিক শিক্ষার মেরুদণ্ড গণ্য করা হয় এবং আরবীকেই জ্ঞানের ভাষা হিসেবে গ্রহণ করা হয়।"[সমাপ্ত][মাজাল্লাতুল বায়ান (৬/৪৯৬)]

চার:

জুমার আগে চার রাকাত সুন্নত: জুমার আগে কোন সুন্নত নেই। বরং জুমার আগে সাধারণ নফল নামায রয়েছে; কোন সংখ্যা নির্ধারণ করা ব্যতীত। ইতিপূর্বে 6653 নং ও 14075 নং প্রশ্নোত্তরে এ বিষয়ে আলোচনা করা হয়েছে।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।